শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

চিলমারী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৪৬.৪৭.৪৯০৯.০০০.০২.০০১.২০-৩৩(১০)

তারিখ: ০৮ পৌষ ১৪২৭ / ২৩ ডিসেম্বর ২০২০

## সভার নোটিশ

আগামী ২৮ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ১১.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২৩/১২/২০

**(মোঃ আব্দুল কুদ্দুছ)**
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
আইনশৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
চিলমারী, কুড়িগ্রাম।

১। উপজেলা ..............................................................কর্মকর্তা, চিলমারী, কুড়িগ্রাম।

২। চেয়ারম্যান ...........................................................(সকল) ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।

৩। জনাব ................................................................... চিলমারী, কুড়িগ্রাম।

অনুলিপি :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।.

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
চিলমারী, কুড়িগ্রাম।

# আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ আব্দুল কুদ্দুস
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
চিলমারী, কুড়িগ্রাম।
স্থান ঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের কক্ষ, চিলমারী, কুড়িগ্রাম।
তারিখ ও সময় ঃ ২৮ ডিসেম্বর ২০২০ ও বেলা- ১১.০০ টায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ক্রমিক অনুযায়ী পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

| ক্রঃ নং | সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আব্দুল কুদ্দুছ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী | সভাপতি | স্বাক্ষরিত/- |
| ০২ | চেয়ারম্যান, থানাহাট ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম | সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৩ | চেয়ারম্যান, রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম | সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৪ | চেয়ারম্যান, অষ্টমীরচর ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম | সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৫ | অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী, কুড়িগ্রাম | সদস্য-সচিব | স্বাক্ষরিত/- |

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার সকল কার্যক্রমের উপর বিস্তারিত ব্যাখ্যা করেন। আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সদস্যদের কার্যক্রম ও দায়িত্ব পালন সম্পর্কে আরও বেশি আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করেন এবং কমিটির কার্যক্রম সফলতার সম্পর্কে মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে আহবান জানান।

চেয়ারম্যান, থানাহাট ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে তিনি জানান যে, অত্র উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে নিয়মিত তদারকি করার জন্য উপস্থিত সকল সদস্যগণকে অনুরোধ করেন।

চেয়ারম্যান, রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে তিনি জানান যে, তার ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে তার এলাকায় কিছু সংখ্যক স্কুল গামী ছেলে মেয়েকে নদী তীরে অবস্থান করতে দেখা যায় এবং লোক মুখে শুনা যায় তারা নেশা করে। স্থানীয়ভাবে তাদেরকে সচেতন করা হয়েছে। এ বিষয়ে অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানাকে মাঝে মধ্যে টহল রাখার জন্য অনুরোধ করেন।

অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী, কুড়িগ্রাম সভায় জানান যে, অত্র উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ উপজেলার ৬টি ইউনিয়নের ০৪ টি ইউনিয়ন (রানীগঞ্জ, রমনা, থানাহাট ও চিলমারী) তার থানার আওতাধীন রয়েছে। বাকী ০২ টি (নয়ারহাট ও অষ্টমীরচর) ইউনিয়ন চুযমারা থানার আওতাধীন রয়েছে। এছাড়া নদী বন্দরে বন্দর থানা রয়েছে। তারা নিয়মিত টহল অব্যহত রাখছে।

সভাপতি সভায় আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে জানান যে, চিলমারী উপজেলায় যাতে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি না ঘটে সে বিষয়ে অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানাসহ উপস্থিত সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন।

(মোঃ আব্দুল কুদ্দুছ)
ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও সভাপতি
আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
চিলমারী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৪৬.৪৭.৪৯০৯.০০০.০২.০০১.২০-৩৫(১০)

তারিখ: ১৪ পৌষ ১৪২৭ / ২৯ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১৫. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
১৬. উপ পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
১৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
১৮. উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
১৯. অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা/চুযমারা থানা/চিলমারী বন্দর থানা, চিলমারী, কুড়িগ্রাম।
২০. চেয়ারম্যান, থানাহাট/রানীগঞ্জ/অষ্টমীরচর ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
২১. অফিস কপি।

ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও সভাপতি
আইন শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
চিলমারী, কুড়িগ্রাম।